



# সীসা বিপত্তি থেকে বাচ্চাদের সুৰক্ষিত রাখুন

সীসা হলো একটি বিষাক্ত জিনিস, যেটি পুরনো রঙে পাওয়া যায়। নিউ ইয়র্ক সিটিতে বাচ্চাদের মধ্যে সীসা থেকে বিষক্রিয়া হওয়ার সবচেয়ে প্রচলিত কারণ হলো সীসা যুক্ত রঙ এবং যে ধূলাতে এটি পরিণত হয়। 1960 সালের আগে তৈরি হওয়া ইমারতগুলির দেয়াল, জানালা, উইন্ডোসিল, দরজা ও অন্যান্য স্থানে সীসা যুক্ত রঙ থাকতে পারে। কিছু উপভোক্তা পণ্যসমূহে ও মাটি ও গৃহের নিকাশি ব্যবস্থায় সীসা পাওয়া যেতে পারে।

সীসার বিষক্রিয়ায় বাচ্চাদের মধ্যে শেখা ও আচরণগত সমস্যা দেখা দিতে পারে।

## আপনার বাচ্চাকে সীসার বিষক্রিয়া থেকে সুৰক্ষিত রাখতে:

- আপনার ডাক্তারকে আপনার বাচ্চার এক বছর এবং দুই বছর বয়সে সীসা বিষক্রিয়া হয়েছে কিনা তা পরীক্ষা করার কথা মনে করিয়ে দিন। যদি আপনার ডাক্তার না থাকে তাহলে আপনার বাচ্চাকে কোথায় পরীক্ষা করাতে হবে তা জানতে **311** নম্বরে ফোন করুন।
- আপনার বাড়িওয়ালাকে রঙ ওঠা, ফাটা বা খসে পড়ার বিষয়ে জানান। যদি সমস্যাটির সমাধান না হয়ে থাকে বা যদি আপনার মনে হয় মেরামতির কাজ নিরাপদে করা হচ্ছে না, তাহলে বিনামূল্যের পরিদর্শনের জন্য **311** নম্বরে ফোন করুন।
- মাঝে মাঝে, উইন্ডোসিল, খেলনা এবং চুষনি ধুয়ে ফেলুন।
- সীসা থাকা পণ্যের ব্যবহার এড়িয়ে চলুন। অন্যান্য দেশ থেকে আসা কিছু পণ্য — যেমন স্বাস্থ্য প্রতিকার, খাবার, মশলা, খেলনা, সিরামিক, কসমেটিক্স ও ধর্মীয় পাউডারে সীসা থাকে, এমনকি প্যাকেটে সীসা আছে বলে না বলা থাকলেও। আরও তথ্যের জন্য, [nyc.gov/hazardousproducts](http://nyc.gov/hazardousproducts) দেখুন।
- পান করা, রান্না করা এবং বাচ্চার ফর্মুলা বানানোর জন্য কেবল ট্যাপের ঠাণ্ডা জল/পানি ব্যবহার করুন। ট্যাপের জল/পানি ব্যবহারের আগে সেটি অন্তত 30 সেকেন্ডের জন্য খুলে রাখুন, যতক্ষণ না পর্যাপ্ত জল লক্ষণীয়ভাবে ঠান্ডা হয়।
  - পানীয় জল/পানির জন্য বিনামূল্যের সীসা পরীক্ষার কিট পাওয়ার জন্য **311** নম্বরে ফোন করুন। আপনি জল/পানির নমুনা জমা দেয়ার 30 দিনের মধ্যে ফলাফল পাবেন।

আরও তথ্যের জন্য [nyc.gov/leadfree](http://nyc.gov/leadfree) দেখুন।